# গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড

রেজিষ্ট্রেশন নং ১৫ তারিখ- ০৮-০১-১৯৭৪ খ্রি.।

ঠিকানাঃ গ্রাম ঃ গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদ চত্বর, ডাক ঃ গোবিন্দগঞ্জ, উপজেলা ঃ গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

## ঃঃ নির্বাচনী তফসিল ঃঃ

**প্রকাশ তারিখ ঃ ১৩-০২-২০২৪ খ্রিষ্টাব্দ।**

এতদ্বারা গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড এর সদস্য সমিতিসমূহের কর্তৃপক্ষ এবং সংশ্লিস্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির ১৭-০১-২০২৪ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮-০৩-২০২৪ খ্রি. রোজ সোমবার সমিতির বিশেষ সাধারণ সভা ও আলোচ্যসূচি মোতাবেক সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে।

আলোচ্য নির্বাচনে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা এবং ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ১২ (বার) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচনযোগ্য ০৮ (আট) টি পদে প্রতিদ্বন্দ্বিকারী প্রার্থী নির্দিষ্ট নির্বাচনী এলাকার অন্তর্ভূক্ত সমিতিসমূহের প্রতিনিধিগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৭(১) বিধি মোতাবেক নির্বাচন কমিটির ১২-০২-২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরূপ তফসিল ঘোষণা করা হলো।

| ক্র. নং | কর্মসূচি | তারিখ | সময় | স্থান | কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | মনোনয়ন পত্র বিক্রয়/সরবরাহ | ১৯-০২-২০২৪ খ্রি.<br>২০-০২-২০২৪ খ্রি.<br>সোম ও মঙ্গলবার | সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা | উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | নির্বাচন কমিটি |
| ২. | মনোনয়ন পত্র দাখিল/গ্রহণ | ২৫-০২-২০২৪ খ্রি.<br>২৭-০২-২০২৪ খ্রি.<br>রবি ও মঙ্গলবার | সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা | উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | নির্বাচন কমিটি |
| ৩. | মনোনয়ন পত্র যাচাই বাছাই (প্রার্থীগণ উপস্থিত থাকতে পারবেন) | ২৯-০২-২০২৪ খ্রি.<br>বৃহস্পতিবার | সকাল ১১.০০ ঘটিকা হতে যতক্ষণ আবশ্যক | উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | নির্বাচন কমিটি |
| ৪. | বৈধ ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৯-০২-২০২৪ খ্রি.<br>বৃহস্পতিবার | যাচাই বাছাই শেষে | উপজেলা সমবায় কার্যালয় ও ইউসিসিএ নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি |
| ৫. | প্রাথমিক খসড়া তালিকার বিরুদ্ধে আপীল আপত্তি দাখিল | ০৩-০৩-২০২৪ খ্রি.<br>০৪-০৩-২০২৪ খ্রি.<br>রবি ও সোমবার | অফিস চলাকালীন [বিধি ২৯(১)] | বিভাগীয় সমবায় কার্যালয়<br>বিভাগীয় সদর দপ্তর<br>৭ম তলা<br>উত্তম, রংপুর | যুগ্ম-নিবন্ধক |
| ৬. | দাখিলকৃত আপীলের শুনানী গ্রহণ ও রায় প্রকাশ | ০৫-০৩-২০২৪ খ্রি.<br>০৬-০৩-২০২৪ খ্রি.<br>০৭-০৩-২০২৪ খ্রি.<br>মঙ্গল, বুধ, বৃহস্পতি | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় [বিধি ২৯(২)] | বিভাগীয় সমবায় কার্যালয়<br>বিভাগীয় সদর দপ্তর<br>৭ম তলা<br>উত্তম, রংপুর | যুগ্ম-নিবন্ধক |
| ৭. | আপীল আপত্তির রায় প্রকাশের পর বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ১০-০৩-২০২৪ খ্রি.<br>রবিবার | দুপুর ০১.০০ ঘটিকা | উপজেলা সমবায় অফিসারের কার্যালয় ও ইউসিসিএ নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি |
| ৮. | স্বশরীরে প্রার্থীতা প্রত্যাহারের লিখিত আবেদন দাখিল | ১১-০৩-২০২৪ খ্রি.<br>সোমবার | সকাল ১১.৩০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা। | উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | নির্বাচন কমিটি |
| ৯. | প্রার্থীতা প্রত্যাহারের পর চূড়ান্ত বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ১১-০৩-২০২৪ খ্রি.<br>সোমবার | দুপুর ০২.০০ ঘটিকা | উপজেলা সমবায় কার্যালয় ও ইউসিসিএ নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি |
| ১০. | লটারীতে প্রতীক বরাদ্দ ও তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১১-০৩-২০২৪ খ্রি.<br>সোমবার | দুপুর ০৩.০০ ঘটিকা | উপজেলা সমবায় কার্যালয় ও ইউসিসিএ নোটিশ বোর্ড | নির্বাচন কমিটি |
| ১১. | ভোট গ্রহণ | ১৮-০৩-২০২৪ খ্রি.<br>সোমবার | সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০৩.০০ ঘটিকা। | বিআরডিবি হলরুম | নির্বাচন কমিটি |
| ১২. | ভোট গণনা | ঐ | ভোট গ্রহণ শেষে | বিআরডিবি হলরুম | নির্বাচন কমিটি |
| ১৩. | ফলাফল ঘোষণা | ঐ | ভোট গণনা শেষে | বিআরডিবি হলরুম | নির্বাচন কমিটি |

চলমান পাতা # ২

CamScanner

**পদের নাম, পদসংখ্যা ও ভোটার এলাকাঃ**

| ক্র. নং | পদের নাম | পদসংখ্যা | নির্বাচনী এলাকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | সভাপতি | ০১ (এক) | সমগ্র উপজেলার কৃষক, বিত্তহীন পুরুষ ও বিত্তহীন মহিলা সমবায় সমিতি। |
| ০২ | সহ-সভাপতি | ০১ (এক) | সমগ্র উপজেলার কৃষক, বিত্তহীন পুরুষ ও বিত্তহীন মহিলা সমবায় সমিতি। |
| ০৩ | নির্বাচনি এলাকা-১ (সদস্য) | ০১ (এক) | কামদিয়া, শাখাহার, রাজাহার ও গুমানীগঞ্জ ইউনিয়নের কেএসএসসমূহ। |
| ০৪ | নির্বাচনি এলাকা-২ (সদস্য) | ০১ (এক) | সাপমারা, কাটাবাড়ী, দরবস্ত ও তালুককানুপুর ইউনিয়নের কেএসএসসমূহ। |
| ০৫ | নির্বাচনি এলাকা-৩ (সদস্য) | ০১ (এক) | কামারদহ, ফুলবাড়ী, পৌরসভা, কোচাশহর ও শালমারা ইউনিয়নের কেএসএসসমূহ। |
| ০৬ | নির্বাচনি এলাকা-৪ (সদস্য) | ০১ (এক) | মহিমাগঞ্জ, শিবপুর, নাকাই, হরিরামপুর ও রাখালবুরুজ ইউনিয়নের কেএসএসসমূহ। |
| ০৭ | নির্বাচনি এলাকা-৫ (সদস্য) | ০১ (এক) | সকল বিত্তহীন পুরুষ সমবায় সমিতি। |
| ০৮ | নির্বাচনি এলাকা-৬ (সদস্য) | ০১ (এক) | সকল বিত্তহীন মহিলা সমবায় সমিতি। |

**মনোনয়নপত্রের মূল্য (ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ও অফেরতযোগ্য) এবং প্রত্যাশিত প্রতীক ঃ**
(একটি প্রতীক পছন্দ করতে হবে, একাধিক প্রার্থী একই প্রতীক পছন্দ করলে ১১-০৩-২০২৪ খ্রি. তারিখে লটারীর মাধ্যমে প্রতীক নির্ধারণ করা হবে)

| ক্র. নং | পদের নাম | মূল্যমান | প্রতীক |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | সভাপতি | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | চেয়ার, বাই-সাইকেল, টেবিল ফ্যান, আনারস, উড়োজাহাজ। |
| ২. | সহ-সভাপতি | ৩,০০০/- (তিন হাজার) টাকা | তালা-চাবি, হারিকেন, বটগাছ, ঠেলাগাড়ি, রিক্সা। |
| ৩. | সদস্য | ২,০০০/- (দুই হাজার) টাকা | দেয়াল ঘড়ি, বই, ফুটবল, আম, কম্পিউটার, মই, গরু, প্রজাপতি, মাছ। |

**নির্বাচন বিষয়ে কতিপয় সাধারণ জ্ঞাতব্য ঃ**

১. সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পদ অনুযায়ী মনোনয়ন পত্রের নির্ধারিত মূল্য জনতা ব্যাংক, গোবিন্দগঞ্জ শাখার হিসাব নং ০৪৪৪১০১১০০৫১৯৯ এ জমাকরতঃ প্রাপ্ত মূল রশিদ নির্বাচন কমিটিকে প্রদর্শন করে মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে। মূল জমারশিদসহ সরবরাহকৃত মনোনয়ন পত্রটি যথাযথভাবে পূরণ করে প্রার্থী বা প্রতিনিধি কর্তৃক নির্ধারিত তারিখ, সময়, স্থান ও কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহনযোগ্য হবেনা।

২. সরবরাহকৃত মনোনয়নপত্র ব্যতীত অন্য কোন মনোনয়ন পত্র বা ফটোকপি গ্রহণযোগ্য হবেনা। প্রার্থী মনোনয়ন পত্র জমাদানের রিসিভ কপি নিতে পারবেন; সেক্ষেত্রে দাখিলকৃত তথ্যাদির প্রতি পাতায় নির্বাচন কমিটির স্বাক্ষর ও সীল প্রদানের পর ফটোকপি করে রিসিভ কপি প্রদান করা হবে।

৩. একটি সমিতি হতে একজন প্রতিনিধি একটিমাত্র পদে প্রার্থী হতে পারবেন এবং নিজ এলাকা বহির্ভূত নির্বাচনি এলাকা হতে সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করা যাবে না। একাধিক পদে মনোনয়ন পত্র জমা করা হলে সকল মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৪. প্রার্থীগণকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) এর ১৮(৮), ১৯(২), ৩৭ ধারা; সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৪ ও ৮৮(৩) বিধি এবং নিবন্ধিত উপআইন অনুযায়ী যোগ্যতাসম্পন্ন কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তে সুস্পস্টভাবে উল্লেখ থাকতে হবে এবং তা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত/প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫. যেকোন ব্যক্তির সীলে অবশ্যই নাম থাকতে হবে এবং স্বাক্ষরের সাথে তারিখ উল্লেখ করতে হবে।

৬. সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা প্রতিনিধির নিকট বিধি দ্বারা নির্ধারিত ছকে পরিচয়পত্র থাকতে হবে। পরিচয়পত্র সংযুক্ত ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৭. প্রাথমিক সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী ও সদস্য পরিচয়পত্র ফরমে অবশ্যই সমিতির সীলমোহর থাকতে হবে।

৮. ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ভোট প্রদানের পূর্বে নির্বাচনি কর্মকর্তাকে সমিতি কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত ও প্রতিস্বাক্ষরিত **'সদস্য পরিচয়পত্র ফরম'** ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় তিনি ভোট প্রদানের জন্য ব্যালট পেপার প্রাপ্তির উপযুক্ত হবেন না।

৯. মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর সদস্য সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ও জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং তাতে সমিতির সীলমোহর থাকতে হবে।

১০. মনোনয়ন পত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবেঃ
- ক) প্রার্থী মনোনয়ন বিষয়ে সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ছায়ালিপি (সমিতির সভাপতি/ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত)
- খ) প্রতিনিধির পরিচয়পত্র।
- গ) প্রার্থীর পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত ও প্রতিস্বাক্ষরিত)
- ঘ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি।
- ঙ) মনোনয়ন পত্র ক্রয়ের মূল রশিদ।
- চ) প্রার্থী ঋণ খেলাপী বা জামিনদার খেলাপী নন মর্মে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন।

১১. প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যেকোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবেন এবং বাতিলের ক্ষেত্রে একই বিধিমালার ২৮ বিধি অনুসরণ করা হবে।



CamScanner

১২. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য সমিতির প্রতিনিধি ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করতে পারবেন না।

১৩. মনোনয়ন পত্র বৈধ বা বাতিল বিষয়ে আপীল কর্তৃপক্ষের (যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর) সিদ্ধান্তই চূড়ান্ত হবে। [বিধি ২৯(৪)]

১৪. প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ দেয়া হবে।

১৫. ব্যালট পেপারে প্রার্থীগণের নামের আদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে। এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১৬. দুই বা ততোধিক প্রার্থীর ভোটসংখ্যা সমান হলে লটারীর মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে এবং নির্বাচনী ফলাফল ঘোষণায় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। [বিধি ৩৪(৩)]

১৭. ভোটকেন্দ্রের ভিতরে প্রার্থী বা ভোটার মোবাইল ফোন, ক্যামেরা ও অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করতে পারবেন না।

১৮. কোভিড-১৯ এর সংক্রমন প্রতিরোধ নীতিমালা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

১৯. মুদ্রণজনিত কোন ভুল সংশোধন অথবা তফসিলের কোন বিষয়বস্তু/কার্যক্রমের সংযোজন, বিয়োজন বা পরিমার্জন ক্ষমতা নির্বাচন কমিটির এখতিয়ারভূক্ত থাকবে।

২০. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধান অনুযায়ী নির্বাচন কার্যক্রম পরিচালনা করা হবে।

নির্বাচন সম্পর্কিত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

| | | |
|---|---|---|
| ১৩/০২/২০২৪ | ১৩.০২.২০২৪ | ১৩.০২.২০২৪ |
| (মোঃ গোলাম মোস্তফা) | (মোঃ হারুনুর রশিদ)) | (এ এইচ এম তারিকুল শরীফ) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি-২০২৪ | নির্বাচন কমিটি-২০২৪ | নির্বাচন কমিটি-২০২৪ |
| গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড | গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড | গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড |
| ও | ও | ও |
| জুনিয়র অফিসার (হিসাব) | সহকারী পরিদর্শক | উপজেলা সমবায় অফিসার |
| বিআরডিবি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | উপজেলা সমবায় কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | গোবিন্দগঞ্জ, গাইবান্ধা |
| ০১৭১৬৫৪২৯০৯ | ০১৭০৪৭২৬৬৬১ | ০১৭১৮১৭৩২৭৩ |

স্মারক নং- তারিখ- ১৩-০২-২০২৪ খ্রি.।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

**সদয় জ্ঞাতার্থেঃ**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ)।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-**

৪. যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ও আপীল কর্তৃপক্ষ।
৫. জেলা সমবায় অফিসার, গাইবান্ধা।
৬. উপ-পরিচালক, বিআরডিবি, গাইবান্ধা।
৭. অফিসার-ইন-চার্জ, গোবিন্দগঞ্জ থানা। নির্বাচনের দিনে (১৮-০৩-২০২৪) প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনের অনুরোধ করা হলো।
৮. উপজেলা সমবায় অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৯. সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
১০. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও সদস্য সচিব, গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড।

(৯-১০) যথাযথ মাধ্যমে নির্বাচনী তফসিলের বহুল প্রচারের অনুরোধ করা হলো।

১১. জনাব মোঃ হারুনুর রশিদ, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও সদস্য, নির্বাচন কমিটি-২০২৪, গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড।
১২. জনাব মোঃ গোলাম মোস্তফা, জুনিয়র অফিসার (হিসাব), বিআরডিবি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও সদস্য, নির্বাচন কমিটি-২০২৪, গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড।

(১১-১২) নির্বাচনী তফসিল অনুযায়ী সকল কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

১৩. ইউসিসিএ নোটিশ বোর্ড।

১৩.০২.২০২৪
সভাপতি
নির্বাচন কমিটি-২০২৪
গোবিন্দগঞ্জ উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

CS CamScanner